# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (b) সম্প্রতি হরিয়ানার ফতেহাবাদে উত্তর ভারতের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র গড়ে উঠতে চলেছে। এটি গোরখপুর হরিয়ানা অনু বিদ্যুৎ পরিযোজনা সংস্থা কর্তৃক গড়ে তোলা হবে। অ্যাচিভার্স

2. (d) কেন্দ্রীয় সরকার রাজীব গাউবা'র নেতৃত্বে ১২ সদস্যের ক্যাবিনেট সেক্রেটারিয়েট কো-অর্ডিনেশন ইউনিট প্যানেল গঠন করেছে। এই প্যানেল কেন্দ্রীয় সরকারের 'মিশন কর্মযোগী' স্কিমের বাস্তবায়নে দেখাশোনা করবে।

3. (c) সম্প্রতি বিশিষ্ট বলিউড চলচ্চিত্র অভিনেতা আয়ুষ্মান খুরানা ইউনিসেফের ন্যাশনাল অ্যাম্বাসাডর হিসাবে নিযুক্ত হয়েছেন।

4. (b) সম্প্রতি প্রয়াত বালিপা নারায়ণ ভাগবথ যক্ষগান ঘরানার সংগীত শিল্পী ছিলেন। তিনি 'ভীষ্ম' নামে অধিক পরিচিত ছিলেন। অ্যাচিভার্স

5. (b) ২০ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ডে অফ সোস্যাল জাস্টিস' পালিত হল, যার এবছরের থিম হল- 'Overcoming Barriers and Unleashing Opportunities for Social Justice'.

6. (c) সম্প্রতি মহারাষ্ট্রের নাগপুরে বিশ্বের বৃহত্তম ও অনন্য দিব্যঙ্গ পার্ক– অনুভূতি ইনক্লুসিভ পার্ক' গড়ে উঠল। এই পার্কে ২১ ধরনের শারীরিক প্রতিবন্ধী মানুষদের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা রয়েছে।

7. (b) সম্প্রতি উত্তরাখণ্ডের পিথোরগড়ে ভারত ও উজবেকিস্তানের সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক মহড়া- 'Ex-DUSTLIK-IV 2023' অনুষ্ঠিত হয়ে গেল।

8. (b) সম্প্রতি প্রদত্ত ২০২১-২২ সালের ডিজিধাম অ্যাওয়ার্ডসের 'প্রতিষ্ঠা পুরস্কার' বিভাগে কর্নাটক ব্যাঙ্ক পুরস্কৃত হয়েছে। এই পুরস্কারটি কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক কর্তৃক প্রদান করা হয়ে থাকে। অ্যাচিভার্স

9. (b) সম্প্রতি নীতি আয়োগের সিইও হিসাবে বি ভি আর শুভ্রমনিয়াম এই পদে পূর্ববর্তী পদাধিকারী পরমেশ্বরণ আইয়ারের স্থলাভিষিক্ত হয়েছেন।

10. (a) সম্প্রতি জার্মানিতে অনুষ্ঠিত নর্ডওয়েস্ট কাপ দাবা প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে ভারতের ৮০তম গ্র্যান্ড মাস্টার খেতাব জয়লাভ করলেন চেন্নাইয়ের এন আর বিজ্ঞেস।

11. (c) সম্প্রতি মেশো (Meesho) নামক ই-কমার্স কোম্পানি গ্রামীণ মহিলাদের তৈরি করা জিনিসপত্র অনলাইনে বিক্রি করার জন্য কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

12. (b) সম্প্রতি প্রদত্ত ২০২৩ সালের দাদাসাহেব আন্তর্জাতিক চলচ্চিত্র পুরস্কারের 'ফিল্ম অফ দ্য ইয়ার' বিভাগে 'আরআরআর' চলচ্চিত্রটি পুরস্কৃত হয়েছে। এই চলচ্চিত্রটির পরিচালক হলেন এস এস রাজামৌলি। অ্যাচিভার্স

13. (a) ২২ ফেব্রুয়ারি সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড থিঙ্কিং ডে পালিত হল, যার এবছরের থিম হল- 'Our World, Our Peaceful Future: The environment, peace and security'.

14. (c) সম্প্রতি ভারতের মধ্যে প্রথম কেরল হাইকোর্ট রায়ের সমস্ত কপি আঞ্চলিক ভাষায় প্রকাশ করা চালু করেছে।

15. (b) সম্প্রতি ইস্তফা দেওয়া উইপ্রো' লিমিটেডের অধীনস্থ iDEAS (Integratd Digital, Engineering and Application Service) এর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত ছিলেন রঞ্জন কোহলি। অ্যাচিভার্স

16. (a) সম্প্রতি ডক্টর রাজীব রঘুবংশী ভারতের ড্রাগ কন্ট্রোলার জেনারেল হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডক্টর পি বি এন প্রসাদের স্থলাভিষিক্ত হলেন।

17. (b) ভারতীয় রেল সম্প্রতি উত্তরপ্রদেশ রাজ্যের সম্পূর্ণ ব্রডগেজ লাইনে বৈদ্যুতিকীকরণের কাজ সম্পূর্ণ করেছে।

18. (d) সম্প্রতি Niva Bupa Health Insurance এবং Tata AIA Life Insurance বিমা কোম্পানি যৌথভাবে 'Health, Wealth and Life Solutions' পরিষেবা চালু করেছে।

19. (b) সম্প্রতি জেএসডব্লিউ গ্রুপের সিএমডি সজ্জন জিন্দল ২০২২ সালের তথা ২৪তম ইওয়াই এন্টারপ্রেনার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড পুরস্কারে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

20. (a) ২৪ ফেব্রুয়ারি সারা দেশ জুড়ে সেন্ট্রাল এক্সাইজ ডে পালিত হল। 'Central Excise and Salt Act' কার্যকরী হওয়ার দিনে এই দিনটি পালন করা হয়ে থাকে।

21. (a) মহারাষ্ট্র সরকার কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছ থেকে ঔরঙ্গাবাদ শহরের নাম পরিবর্তন করে 'ছত্রপতি শম্ভাজিনগর' রাখার অনুমোদন পেল। একই সাথে ওসমানাবাদ শহরের নাম পরিবর্তন করে 'ধারাশিব' রাখারও অনুমোদন পেয়েছে।

22. (c) সম্প্রতি ইউএস চেম্বার অফ কমার্স কর্তৃক প্রকাশিত International Intellectual Property Index-2023-এর তালিকায় ভারত ৪২তম স্থান অধিকার করেছে। ২০২২ সালে এই ইনডেক্সে ভারতের স্থান ছিল ৪৩।

23. (d) সম্প্রতি গোবিন্দরাজ কেম্পারেড্ডি ইন্টারন্যাশনাল বাস্কেটবল ফেডারেশনের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী শেখ সৌদ আলি আল থানি'র স্থলাভিষিক্ত হয়েছেন। অ্যাচিভার্স

24. (d) সম্প্রতি অসমের ডোমোরা পাথারে উত্তর-পূর্ব ভারতের প্রথম কম্প্রেসড বায়োগ্যাস প্ল্যান্ট গড়ে উঠতে চলেছে। এটি প্রতিদিন ৫ টন কম্প্রেসড বায়োগ্যাস উৎপাদন করতে সক্ষম।

25. (a) সম্প্রতি এস এস রাজামৌলি পরিচালিত 'আরআরআর' নামক ভারতীয় চলচ্চিত্র 'হলিউড ক্রিটিক্স অ্যাসোসিয়েশন ফিল্ম অ্যাওয়ার্ডসে'র ৫টি বিভাগে পুরস্কৃত হয়েছে।

26. (b) ১০-২৬ ফেব্রুয়ারি দক্ষিণ অফ্রিকায় অনুষ্ঠিত ২০২৩ সালের মহিলাদের আইসিসি টি-২০ ওয়ার্ল্ড কাপে অস্ট্রেলিয়া'র মহিলা দল দক্ষিণ আফ্রিকাকে পরাজিত করে ষষ্ঠবারের জন্য চ্যাম্পিয়ন হয়েছে।

27. (b) ২৭ ফেব্রুয়ারি সারা দেশজুড়ে ন্যাশনাল প্রোটিন ডে পালিত হল, যার এবছরের থিম হল-Eassy Access to Protein for All'.

28. (a) সম্প্রতি অরুণাচল প্রদেশ রাজ্য সরকার নিম্ন দিবাং উপত্যকায় ২৮৮০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনোক্ষম দিবাং মাল্টি-পারপাস প্রোজেক্ট গড়ে তুলল।

29. (a) সম্প্রতি অস্ট্রেলিয়ার Deakin University ভারতে প্রথম তাদের ইউনিভার্সিটি ক্যাম্পাস গড়ে তুলতে চলেছে। এই প্রথম কোন বিদেশি ইউনিভার্সিটি ভারতে তাদের ক্যাম্পাস গড়ে তুলতে চলেছে।

30. (d) সম্প্রতি আরবিএল ব্যাঙ্ক (পূর্বে এটি রত্নাকর ব্যাঙ্ক নামে পরিচিত ছিল) cross border trade transactions -এর জন্য এক্সিম ব্যাঙ্কের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

31. (c) সম্প্রতি আদিত্য বিড়লা সানলাইফ ইন্সিয়োরেন্স সংস্থা 'নিশ্চিত আয়ুষ প্ল্যান' নামক ব্যক্তিগত বিমা পলিসি চালু করেছে। এই বিমার মেয়াদকাল রয়েছে ২৫, ৩০, ৩৫, ৪০ বছরের।

32. (a) সম্প্রতি আর্জেন্টিনার কিংবদন্তী খেলোয়াড় লিওনেল মেসি ২০২২ সালের ফিফা বেস্ট মেনস প্লেয়ার সম্মানে ভূষিত হয়েছেন। ২০২২ সালের ফিফা বেস্ট ওমেনস প্লেয়ার সম্মানে ভূষিত হয়েছেন স্পেনের অ্যালেক্সিয়া পুটেল্লাস।

33. (b) সম্প্রতি শৈলেশ পাঠক ফিকি'র সেক্রেটারি জেনারেল হিসাবে এই পদে পূর্ববর্তী পদাধিকারী দিলীপ চেনয়ের স্থলাভিষিক্ত হলেন। শৈলেশ পাঠক এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে আইসিআইসিআই ব্যাঙ্কের সিনিয়র ডিরেক্টর ছিলেন।

34. (a) ফেব্রুয়ারি মাসের শেষ দিন প্রতি বছর রেয়ার ডিজিজ ডে পালন করা হয়ে থাকে। এবছর ২৮ ফেব্রুয়ারি এই দিনটি পালন করা হল যার থিম হল-'Share Your Colours'.

35. (c) সম্প্রতি লাদাখে ইন্ডিয়ান এয়ারফোর্স কর্তৃক 'মাউন্টেন র‍্যাডার' বসানো হতে চলেছে। ন্যাশনাল বোর্ড অফ ওয়াইল্ড লাইফ (NBWL), ইন্ডিয়ান এয়ারফোর্সকে এই 'মাউন্টেন র‍্যাডার' বসানোর অনুমতি দিয়েছে।

36. (b) সম্প্রতি উত্তরাখণ্ড রাজ্য সরকার ভারতের প্রথম রাজ্য হিসাবে সরকারিভাবে 'মাদার মিল্ক ব্যাঙ্ক' গড়ে তুলতে চলেছে। মাতৃহারা সদ্যজাতদের মায়ের দুধের জোগান দেওয়ার জন্য এই ব্যাঙ্ক গড়ে তোলার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

37. (d) সম্প্রতি টিসিআইএল এন্টারপ্রাইজ গ্রাহকদের CNPN পরিষেবা দেওয়ার জন্য ভারত সঞ্চার নিগম লিমিটেডের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

38. (c) সম্প্রতি বিশিষ্ট ভারতীয় হিন্দি লেখক, ছোটগল্পকার, প্রাবন্ধিক ও কবি বিনোদ কুমার শুক্লা ২০২৩ সালের পেন/নাবোকোভ অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। এই পুরস্কারের সম্মানস্বরূপ তাঁকে ৫০ হাজার মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

39. (a) ১ মার্চ সারা বিশ্বজুড়ে 'জিরো ডিসক্রিমিনেশন ডে'পালিত হল, যার এবছরের থিম হল- 'Save Lives : Decriminalise'.

40. (b) সম্প্রতি ঝাড়খণ্ডের নর্থ করণপুরা সুপারক্রিটিক্যাল থার্মাল প্ল্যান্ট গড়ে উঠতে চলেছে। এটি ভারতের প্রথম এয়ার কুলড কনডেনসার' বিশিষ্ট থার্মাল প্ল্যান্ট।

41. (a) ২০-২৪ ফেব্রুয়ারি আবুধাবিতে অনুষ্ঠিত NAVDEX-23 নামক নৌমহড়া প্রদর্শনীতে ভারতের আইএনএস সুমেধা যুদ্ধজাহাজ অংশগ্রহণ করেছিল।

42. (a) সম্প্রতি ভো ভন থুয়োং ভিয়েতনামের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী নগুয়েন জুয়ান ফুকের স্থলাভিষিক্ত হয়েছেন।

43. (c) সম্প্রতি প্রয়াত ভারতের বিশিষ্ট কূটনীতিবিদ চন্দ্রশেখর দাশগুপ্ত ২০০৮ সালে জনসেবা ক্ষেত্রে পদ্মভূষণ সম্মানে ভূষিত হয়েছেন। তাঁর লেখা একটি উল্লেখযোগ্য গ্রন্থ হল-' War and Diplomacy in Kashmir, 1947-48'.

44. (b) সম্প্রতি তামিলনাড়ু রাজ্য সরকার আরবান কুলিং প্রোগ্রামকে বাস্তবায়নে ইউএনইপি'র সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

45. (a) সম্প্রতি এসবিআই ভারতের প্রথম ব্যাঙ্ক হিসাবে শ্রীলঙ্কার সঙ্গে শ্রীলঙ্কান রুপিকে রপ্তানির মাধ্যম হিসাবে ব্যবহার শুরু করেছে।

46. (b) সম্প্রতি ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক কোভিড-১৯ মোকাবিলায় অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ ২০২৩ সালের পোর্টার প্রাইজে ভূষিত হয়েছে।

47. (a) সম্প্রতি এইচডিএফসি ব্যাঙ্কের এমডি এবং সিইও শশীধর জগদীশন বিজনেস স্ট্যান্ডার্ড ব্যাঙ্কার অফ দ্য ইয়ার ২০২২-এ পুরস্কৃত হয়েছেন।

48. (a) সম্প্রতি অল প্রোগ্রেসিভ কংগ্রেস দলের নেতা বোলা তিনুবু নাইজেরিয়ার রাষ্ট্রপতি নির্বাচনে নির্বাচিত হয়েছেন।

49. (c) সম্প্রতি রেশমী শুক্লা সশস্ত্র সীমাবলের ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অনীশ দয়াল সিংয়ের স্থলাভিষিক্ত হয়েছেন।

50. (a) সম্প্রতি পঙ্কজ গুপ্ত প্রামেরিকা লাইফ ইন্সিয়োরেন্স বিমা কোম্পানির এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে এইচডিএফসি লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি'র ডিস্ট্রিবিউটর স্ট্র্যাটেজি বিষয়ক প্রধান ছিলেন।

51. (b) সম্প্রতি প্রয়াত আজিজ মুশাব্বর আহমেদি ভারতীয় সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (১৯৯৪-১৯৯৭) পদের দায়িত্ব পালন করেছেন। মহম্মদ হিদয়াতুল্লাহ, মির্জাহামিদুল্লাহ বেজের পর তৃতীয় মুসলিম প্রধান বিচারপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন। অ্যাচিভার্স

52. (c) ৩ মার্চ সারা বিশ্ব জুড়ে ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ ডে পালিত হল, যার এবছরের থিম হল-'Partnerships for Wildlife Conservation'.

53. (b) সম্প্রতি ইউরোপিয়ান ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক ভারতে অচিরাচরিত শক্তি ও গ্রিন হাইড্রোজেন প্রোজেক্ট বাস্তবায়িত করতে IREDA-এর সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

54. (a) জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি, স্বাস্থ্য ও নগরোন্নয়ন বিষয়ের জন্য ভারত সরকারের সঙ্গে অফিশিয়াল ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্স লোন চুক্তি স্বাক্ষর করেছে।

55. (a) সম্প্রতি গেইল ইন্ডিয়া লিমিটেড ২০২২ সালের সেন্ট্রাল বোর্ড অফ ইরিগেশন অ্যান্ড পাওয়ার অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছে।

- **এক নজরে GAIL** অ্যাচিভার্স

**প্রতিষ্ঠাকাল** : ১৯৮৪ সাল
**সদর কার্যালয়** : নতুন দিল্লি
**বর্তমান সিএমডি** : সন্দীপ কুমার গুপ্তা।

56. (c) সম্প্রতি প্রয়াত সত্যব্রত মুখার্জি একজন বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। তিনি ভারতের অ্যাডিশনাল সলিসিটর জেনারেল হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

57. (a) ৪ মার্চ সারা দেশজুড়ে ন্যাশনাল সেফটি ডে পালিত হল, যার এবছরের থিম হল-'Our Aim-Zero Harm'.

58. (b) সম্প্রতি মহারাষ্ট্রের বিদর্ভে ভানি-বারোরা হাইওয়েতে বিশ্বের প্রথম ২০০ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট ব্যাম্বু ক্র্যাশ ব্যারিয়ার তৈরি হয়েছে, যার নাম দেওয়া হয়েছে 'বাহুবলী'।

59. (b) সম্প্রতি ম্যাক্স লাইফ ইন্সিয়োরেন্স নামক জীবন বিমা সংস্থা গ্রাহকদের জীবন বিমা পলিসি প্রদান করার জন্য উজ্জীবন স্মল ফিন্যান্স ব্যাঙ্কের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

60. (b) সম্প্রতি কুয়েতের প্রধানমন্ত্রী হিসাবে পুনর্নির্বাচিত হয়েছেন শেখ আহমেদ নবাব-আল আহমেদ আল-সাবাহ।

61. (a) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৩ সালের নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন বাহরিন গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন।

62. (c) সদ্য প্রয়াত কনক জ্যোতিন্দ্র রেলে একজন বিশিষ্ট মোহিনীঅট্টম নৃত্যশিল্পী ছিলেন। তিনি ১৯৯০ সালে শিল্পকলা ক্ষেত্রে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত হয়েছেন।

63. (b) সম্প্রতি মধ্যপ্রদেশ রাজ্য সরকার মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করে তুলতে 'মুখ্যমন্ত্রী লাডলি বহেনা যোজনা' চালু করেছে। অ্যাচিভার্স

64. (a) সম্প্রতি ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (NSDC) সংস্থা জি-২০ এডুকেশন ওয়ার্কিং গ্রুপের নলেজ পার্টনার হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে।

65. (b) সম্প্রতি সিটি ইউনিয়ন ব্যাঙ্ক, 42 Card Solutions Pvt. Ltd.-এর যৌথ অংশীদারিত্বে ক্রেডিট কার্ড পরিষেবা চালু করেছে। অ্যাচিভার্স

66. (c) সম্প্রতি সি কে সাংমা মেঘালয়ের মুখ্যমন্ত্রী হিসাবে দ্বিতীয় বারের জন্য পুনর্নির্বাচিত হলেন। এবারে ডেপুটি মুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত হয়েছেন পি টিনসং এবং এস ধর।

67. (a) সম্প্রতি এস এস দুবে ভারতের কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে পাবলিক ফিন্যান্সিয়াল মানেজমেন্ট সিস্টেম এর অ্যাডিশনাল কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস হিসাবে কর্মরত ছিলেন।

68. (a) সম্প্রতি নেফিউ রিও নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী হিসাবে পঞ্চমবারের জন্য নির্বাচিত হলেন। এবারে ডেপুটি মুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত হয়েছেন টি আর জেইলাং, ওয়াই পাটন।

69. (d) সম্প্রতি প্রকাশিত 'As Good As My Word : A Memoir' নামক গ্রন্থের রচয়িতা হলেন ভারতের প্রাক্তন ক্যাবিনেট সেক্রেটারি কে এম চন্দ্রশেখর। অ্যাচিভার্স

70. (b) সম্প্রতি কেরলের তিরুবনন্তপুরমে ভারত ও ফ্রান্সের সেনাবাহিনীর মধ্যে FRINJEX-23 নামক যৌথ সেনা মহড়া আয়োজিত হল।

71. (d) ৬-৭ মার্চ তেলেঙ্গানার হায়দ্রাবাদে জি-২০ গ্লোবাল পার্টনারশিপ ফর ফিন্যান্সিয়াল ইনক্লুশন মিটিং অনুষ্ঠিত হল। ভারত এই মিটিংয়ের প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেছিল।

72. (d) সম্প্রতি Kotak Mahindra Asset Management Company নামক সংস্থা ডিজিটাল শিক্ষার প্রসারে 'DigitALL : Innovation and Technology for Gender Equality' নামক প্রচারাভিযান চালু করেছে।

73. (a) সম্প্রতি ব্রিটেনের বিশিষ্ট নগর পরিকল্পনাকার ও স্থপতিকার ডেভিড অ্যালান চিপারফিল্ড ২০২৩ সালের প্রিৎজকার আর্কিটেকচার প্রাইজএ ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

74. (b) সম্প্রতি ত্রিপুরার মুখ্যমন্ত্রী হিসাবে নির্বাচিত হয়েছেন বর্ষীয়ান বিজেপি দলনেতা ডক্টর মাণিক সাহা। তিনি এবারের নির্বাচনে বিশিষ্ট কংগ্রেস দলনেতা আশিষ কুমার সাহাকে পরাজিত করেছেন।

75. (a) ৮ মার্চ সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল ওমেন'স ডে পালিত হল, যার এবছরের থিম হল-'DigitALL : Innovation and Technology for Gender Equality'.

76. (a) সম্প্রতি প্রকাশিত 'সিটি ইনডেক্স- ২০২৩' অনুযায়ী সর্বাধিক মহিলা বিলিওনারিজদের তালিকায় মার্কিন যুক্তরাষ্ট্র প্রথম স্থানে রয়েছে। ভারত এই তালিকায় পঞ্চম স্থানে রয়েছে।

77. (a) সম্প্রতি ইয়েস ব্যাঙ্ক ব্যাঙ্ক গৃহ ঋণ প্রদান করার জন্য আধার হাউজিং ফিন্যান্স লিমিটেডের সঙ্গে যৌথ অংশীদারিত্বের চুক্তি স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

78. (b) সম্প্রতি গীতা রানা ইলেকট্রনিক্স অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স ইউনিটের মহিলা কমান্ড্যান্ট হিসাবে নিযুক্ত হয়েছেন।

79. (b) ৯ মার্চ সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড কিডনি ডে পালিত হল, যার এবছরের থিম হল- 'Kidney Health For All- Preparing for the unexpected, supporting the vulnerable'.

80. (c) ভারতের প্রথম হিমাচল প্রদেশ রাজ্য বাণিজ্যিকভাবে মুলেথি (স্থানীয় বাষায় এটি যষ্টিমধু নামে পরিচিত) উৎপাদন শুরু করেছে।

81. (a) সম্প্রতি কেন্দ্রীয় গৃহ ও নগর বিষয়ক মন্ত্রক প্রথম ওমেন আইকন'স লিডিং স্বচ্ছতা অ্যাওয়ার্ডস প্রদান করা শুরু করেছে।

82. (b) সম্প্রতি নেপালি কংগ্রেস দলনেতা রামচন্দ্র পৌডেল নেপালের প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বিদ্যাদেবী ভান্ডারির স্থলাভিষিক্ত হয়েছেন।

83. (b) ১০ মার্চ সারা দেশজুড়ে সিআইএসএফ রেইজিং ডে পালিত হল। ১৯৬৯ সালে প্রথম এই দিনটি পালন করা শুরু হয়েছিল।

84. (d) সুমন্ত কথাপালিয়া ইন্দাসইন্দ ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে পুনর্নিযুক্ত হলেন। তিনি ২০২০ সালের ২৪ মার্চ প্রথম এই পদের দায়িত্বভার গ্রহন করেছিলেন। অ্যাচিভার্স

85. (d) সম্প্রতি মোহিত যোশী টেক মাহিন্দ্রার এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ইনফোসিসের প্রেসিডেন্ট হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

86. (c) মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান সম্প্রতি ৫৩তম জেলার আনুষ্ঠানিক উদ্বোধন করলেন যার নাম হল মৌগঞ্জ।

87. (c) সম্প্রতি আইডিএফসি মিউচুয়াল ফান্ডের নাম পরিবর্তন করে বন্ধন মিউচুয়াল ফান্ড রাখা হল। অ্যাচিভার্স

88. (d) সম্প্রতি এলআইসির অন্তর্বর্তী চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন সিদ্ধার্থ মোহান্তি। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে এলআইসি হাউজিং ফিন্যান্স লিমিটেডের এমডি এবং সিইও হিসাবে দায়িত্ব পালন করেছেন।

89. (a) সম্প্রতি বেঙ্গালুরুতে ভারতের প্রথম তথা বিশ্বের দ্বিতীয় ১০০ শতাংশ মিথানল শক্তি সমন্বিত ১০ টনের প্রোটোটাইপ ট্রাক চালু হল।

90. (d) ভারতের বন্দে ভারত এক্সপ্রেসের প্রথম মহিলা পাইলটের নাম হল সুরেখা যাদব। তিনি ১৯৮৮ সাল থেকে ভারতীয় ট্রেনের লোকো পাইলট হিসাবে কাজ করছেন।

91. (d) সম্প্রতি বিশিষ্ট হিন্দি কবি ও ঔপন্যাসিক ডক্টর জ্ঞান চতুর্বেদী ৩২তম ব্যাস সম্মানে ভূষিত হলেন।

92. (c) ১৪ মার্চ সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ইন্টারন্যাশনাল ম্যাথমেটিক্স ডে'র এবছরের থিম হল-'Mathematics for Everyone'. অ্যাচিভার্স

93. (d) সম্প্রতি এলআইসি'র এমডি হিসাবে নিযুক্ত হলেন তবলেশ পান্ডে। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বিষ্ণু চরণ পট্টনায়েকের স্থলাভিষিক্ত হলেন।

**বি:দ্র:** অ্যাচিভার্সের মূল প্রশ্নে উল্লেখিত অপশন (d) দেওয়া বিনোদ কুমার ভার্মা'র জায়গায় তবলেশ পান্ডে পড়তে হবে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমাপ্রার্থী।

94. (d) ৬-১৩ মার্চ ভারত ও সিঙ্গাপুরের সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক মহড়া 'Exercise Bold Kurukshetra-2023' আয়োজিত হল।

95. (b) সম্প্রতি পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভলপমেন্ট অথরিটি'র (PFRDA) -এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন দীপক মোহান্তি। অ্যাচিভার্স

96. (d) সম্প্রতি সিকিমে 'ভুমচু' ফেস্টিভ্যাল উদযাপিত হয়ে গেল।

97. (c) সম্প্রতি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শক্তিকান্ত দাস 'সেন্ট্রাল ব্যাঙ্কিং অ্যাওয়ার্ডসে'র 'গভর্নর অফ দ্য ইয়ার' বিভাগে পুরস্কৃত হয়েছেন।

98. (b) সম্প্রতি কে কৃতিভাসন টিসিএস-এর সিইও হিসাবে এই পদে পুর্ববর্তী পদাধিকারী রাজেশ গোপীনাথনের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

99. (c) ৫৯তম জেড আর ইরানি কাপে মায়াঙ্ক আগরওয়ালের নেতৃত্বাধীন রেস্ট অফ ইন্ডিয়া দল চ্যাম্পিয়ন হল। তারা ২০২১-২২ সালের রঞ্জি ট্রফি চ্যাম্পিয়ন মধ্যপ্রদেশ দলকে পরাজিত করেছে।

100. (d) সম্প্রতি অনুপ বাগচি আইসিআইসিআই প্রুডেন্সিয়াল লাইফ ইন্সিয়োরেন্সের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এস এন কান্ননের স্থলাভিষিক্ত হয়েছেন।

★★★